

## সাবমেরিন ফ্লিট হেডকোয়ার্টার্সের উদ্বোধন

গত ১০ এপ্রিল ২০১৭ তারিখ মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ, ওএসপি, বিসিজিএম, এনডিসি, পিএসসি সাবমেরিন ফ্লিট হেডকোয়ার্টার্স উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে চট্টগ্রাম নৌ অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং সাবমেরিনে কর্মরত সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে মাননীয় নৌবাহিনী প্রধান সকল সাবমেরিন ক্রুদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনামূলক ভাষণ প্রদান করেন।



সাবমেরিন ফ্লিট হেডকোয়ার্টার্স উদ্বোধনকালে মাননীয় নৌবাহিনী প্রধান এর সাথে চট্টগ্রাম নৌ অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তাগণ

## চট্টগ্রাম নৌ অঞ্চলের সকল এরিয়া কমান্ডার এবং অধিনায়কবৃন্দের সাথে কমান্ডার সাবমেরিন এর সৌজন্য সাক্ষাত

গত এপ্রিল মাসে কমান্ডার সাবমেরিন চট্টগ্রাম নৌ অঞ্চলের সকল এরিয়া কমান্ডার এবং অধিনায়কবৃন্দের সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময়ে তিনি সকলের সাথে কুশল বিনিময় করেন এবং বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেন।



সৌজন্য সাক্ষাতকালে কমান্ডার সাবমেরিন এর সাথে কমডোর সুপারিনটেন্ডেন্ট ডকইয়ার্ড

## বৃক্ষ রোপণ কর্মসূচী উদ্বোধন

গত ০৬ জুন ২০১৭ তারিখ কমান্ডার সাবমেরিন কমডোর এম কামরুল হক চৌধুরী, (ট্যাজ), ওএসপি, পিএসসি বিএন সাবমেরিন ওয়ার্কশপ প্রাঙ্গনে একটি চারা রোপণের মাধ্যমে 'বৃক্ষ রোপণ অভিযান ২০১৭' এর উদ্বোধন করেন। এ সময় উর্ধ্বতন কর্মকর্তা ও নাবিকগণ উপস্থিত ছিলেন।



একটি গাছের চারা রোপনের মাধ্যমে 'বৃক্ষ রোপণ অভিযান ২০১৭' এর উদ্বোধন করছেন  
কমান্ডার সাবমেরিন

## পদোন্নতিপ্রাপ্ত নাবিকদের সাথে কমান্ডার সাবমেরিন এর শুভেচ্ছা বিনিময়

গত ১১ জুলাই ২০১৭ তারিখ কমান্ডার সাবমেরিন কমডোর এম কামরুল হক চৌধুরী, (ট্যাজ), ওএসপি, পিএসসি সাবমেরিন আর্মের সদ্য পদোন্নতিপ্রাপ্ত নাবিকদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময়ে তিনি সকলের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান এবং আর্মের বর্তমান অবস্থা ও নৌবাহিনীর উন্নয়নে গৃহীত পদক্ষেপসমূহ সম্পর্কে অবহিত করেন। সেইসাথে সকলকে উৎসাহ উদ্দীপনার সাথে সাবমেরিন আর্মকে আরো চৌকস করে তোলার বিষয়ে নির্দেশ প্রদান করেন।



পদোন্নতিপ্রাপ্ত নাবিকদের সাথে শুভেচ্ছা বিনিময় করছেন কমান্ডার সাবমেরিন

## সাবমেরিন বার্থের জন্য সিডিডিএল কর্তৃক নবনির্মিত ৭০ মিটার পন্টুন উদ্বোধন

গত ১৬ জুলাই ২০১৭ তারিখ কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল রিয়ার এডমিরাল আবু আশরাফ, (ট্যাজ), বিএসপি, এনসিসি, পিএসসি সাবমেরিন বার্থের জন্য সিডিডিএল কর্তৃক নবনির্মিত ৭০মিটার পন্টুনটি উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে কমান্ডার বিএন ফ্লিট, কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, কমান্ডার সাবমেরিন, চেয়ারম্যান সিডিডিএল এবং সাবমেরিন আর্মের সকল কর্মকর্তা ও মনোনীতসংখ্যক নাবিক উপস্থিত ছিলেন।



নবনির্মিত পন্টুনটি উদ্বোধনকালে চট্টগ্রাম নৌ অঞ্চলের উর্ধতন কর্মকর্তাবৃন্দ

## ভারতীয় নৌবাহিনী জাহাজ আইএনএস রণবীর এর চট্টগ্রাম সফর

গত ২৪ হতে ২৭ জুলাই ২০১৭ তারিখ পর্যন্ত ভারতীয় নৌবাহিনী জাহাজ ‘আইএনএস রণবীর’ শুভেচ্ছা সফরে চট্টগ্রামে আগমন করে। সফরকালে গত ২৫ জুলাই ২০১৭ তারিখ আইএনএস রণবীর এর অধিনায়ক ক্যাপ্টেন রাজিব আশোক কমান্ডার সাবমেরিন এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করেন। এ সময় তিনি সাবমেরিন আর্মের উত্তরোত্তর উন্নতি কামনা করেন। সাবমেরিন আর্মের কর্মকর্তা এবং নাবিকগণ ২৫ ও ২৬ জুলাই ২০১৭ তারিখ আইএনএস রণবীর পরিদর্শন করেন।



কমান্ডার সাবমেরিন এর সাথে সৌজন্য সাক্ষাত করেন ভারতীয় নৌবাহিনী জাহাজ  
‘আইএনএস রণবীর’ এর অধিনায়ক

## বিদায়ী পিএলএ নৌবাহিনী প্রশিক্ষক দলের সম্মানে নৈশ ভোজ

গত ৩০ জুলাই ২০১৭ তারিখ চট্টগ্রাম বোটক্লাবে বিদায়ী পিএলএ নৌবাহিনী প্রশিক্ষক দলের সম্মানে নৈশ ভোজের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে চীনা প্রশিক্ষকগণ, কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল, কমান্ডার বিএন ফ্লিট, কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, কমান্ডার সাবমেরিন এবং অত্র নৌ অঞ্চলের সকল উর্ধতন কর্মকর্তা ও সাবমেরিন আর্মের মনোনীত সংখ্যক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



## পবিত্র ঈদ-উল-আজহা পালিত

গত ০২ সেপ্টেম্বর ২০১৭ তারিখ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসবমুখর পরিবেশে মুসলিম উম্মাহর অন্যতম ধর্মীয় উৎসব ঈদ-উল-আজহা উদ্‌যাপিত হয়। এ উপলক্ষে বানৌজা ঈসাখান ঘাঁটিস্থ বেলম্যান হ্যাংগার, ফ্লেটাটোলা মসজিদ, নাবিক কলোনী-১ এবং নাবিক কলোনী-২ মসজিদে ঈদ-উল-আজহার নামায অনুষ্ঠিত হয়। নামায শেষে দেশ ও জাতি এবং সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর উন্নতি কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। ঈদ-উল-আজহার নামাজ শেষে কমান্ডার সাবমেরিন কমডোর এম কামরুল হক চৌধুরী, (ট্যাজ), ওএসপি, পিএসসি, বিএন সাবমেরিন ওয়ার্কশপ ও সাবমেরিন বার্থে আগমন করেন এবং সাবমেরিন আর্মের সকল কর্মকর্তা এবং কর্তব্যরত নাবিকদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।



পবিত্র ঈদ-উল-আজহার নামাজ শেষে কর্তব্যরত নাবিকদের সাথে  
ঈদের শুভেচ্ছা বিনিময় করছেন কমান্ডার সাবমেরিন